দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 04 SEP 1998
পৃষ্ঠা 22 কলাম 2

১৮৭

## ইসলামী-ভার্সিটিতে রাজনীতি নিষিদ্ধ ॥ ছাত্রদল-শিবিরের লাগাতার হরতালের ডাক

**ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥** দীর্ঘদিন পর ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্র রাজনীতি শুরুর ৩য় দিনেই পুনরায় তা নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

বৃহস্পতিবার ছাত্রদল ও ছাত্রশিবির ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করেছে। এক পর্যায়ে ছাত্রদল উপাচার্য অফিস লক্ষ্য করে এলোপাতাড়ি ইটপাটকেল ছুড়তে থাকে। পরে ছাত্রশিবিরের মিছিলকারীরা প্রশাসন ভবনে ঢুকে রেজিস্ট্রার দফতর থেকে হিসাব বিজ্ঞান বিভাগের নিয়োগ সংক্রান্ত ফাইল জোরপূর্বক ছিনতাই করে নিয়ে যায়।